

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/১০৩৬(ক-৩)/২০০৬(অংশ-২)/ ২৪৩২/৩



তারিখ : ২৪/০৬/২০১৯ খ্রি.

বিষয় : সরকারি ও প্রতিষ্ঠানিক বকেয়া বেতনভাতা ও উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : জনাব মো: আবুল বাশার এর ১২/০২/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার মতলব উত্তর থানাধীন ছেংগারচর সরকারি ডিগ্রি কলেজের জনাব মো: আবুল বাশার, সহকারী অধ্যাপক(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতার জন্য আবেদন করেন। দাবীকৃত বকেয়া বেতন ভাতার বিষয়ে মাউশি আইন শাখার মতামত : সহকারী অধ্যাপক জনাব মো: আবুল বাসার একই বিষয়ে দুটি রিটপিটিশন দায়ের করেন। রীট পিটিশন নং ১৫৯৪৬/১৭ এর প্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ নিষ্পত্তি করেন। অন্য রিট পিটিশন নং ১৩৭৫২/১৮ এর আদেশে সাময়িক বরখাস্ত সংক্রান্ত আদেশকে স্থগিত করেন। এই আদেশের প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ তাকে পুনর্বহাল করে। উপরোক্ত দুটি রীট পিটিশনে পিটিশনারের বকেয়া বেতন সম্পর্কে কোন আদেশ নেই। এই কারণে পিটিশনারের দাবীকৃত বকেয়া প্রদান করা যায় না।

এমতাবস্থায়, সাময়িক বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন ভাতার বিষয়ে আইন শাখার মতামতটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অবহিত করা হলো।

  
(মো: এনামুল হক হাওলাদার)  
উপপরিচালক (কলেজ-২)  
ফোন নং ৯৫৫৭৬৯১  
ই-মেইল : ncollege@dshe.gov.bd  


জনাব মো: আবুল বাশার  
সহকারী অধ্যাপক(ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)  
ছেংগারচর সরকারি ডিগ্রি কলেজ  
মতলব উত্তর, চাঁদপুর।

বিতরণ:

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর;
- ০২। অধ্যক্ষ, ছেংগারচর সরকারি ডিগ্রি কলেজ, মতলব উত্তর, চাঁদপুর;
- ০৩। সংরক্ষণ নথি।